


প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা



বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০

নব্ব্বাত্তম বর্ষ

প্রকাশক : বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

প্রকাশকাল : জুন, ২০১৫

মুদ্রণে : শব্দকলি প্রিন্টার্স
৭০, ঢাকা বিশ্ববিদ্যালয় মার্কেট, কাঁটাবন, ঢাকা।



উত্তমোত্তম বর্ষ নব্ব্বাত্তম বর্ষ

০০০০-০০০০-০০০০-০০

প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা

১.০ শিরোনাম ও প্রয়োগ

- ১.১ এ নীতিমালা বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর 'প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা, ২০১৫' নামে অভিহিত হবে।
- ১.২ এটি বিচার প্রশাসন প্রশিক্ষণ কর্তৃক পরিচালিত সকল কোর্সের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২.০ সংজ্ঞাসমূহ

- ২.১ বুনিয়াদি কোর্স : 'বুনিয়াদি কোর্স' বলতে নব নিয়োগপ্রাপ্ত সহকারী জজ ও সমপর্যায়ের বিচারকদের জন্য আয়োজিত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সকে বুঝাবে।
- ২.২ ওরিয়েন্টেশন কোর্স : 'ওরিয়েন্টেশন কোর্স' বলতে সদ্য পদোন্নতিপ্রাপ্ত সকল পর্যায়ের বিচারক ও আদালত সংশ্লিষ্ট অন্যান্যগণের কোর্সসমূহকে বুঝাবে।
- ২.৩ রিফ্রেশার কোর্স : 'রিফ্রেশার কোর্স' বলতে নব নিয়োগপ্রাপ্ত ও সদ্য পদোন্নতিপ্রাপ্ত বিচারক ব্যতীত অপরাপর সহকারী জজ/সিনিয়র সহকারী জজ/যুগ্ম-জেলা জজ/ অতিরিক্ত জেলা জজ/জেলা জজ ও সমপর্যায়ের বিচারকবৃন্দের কোর্সসমূহকে বুঝাবে।
- ২.৪ বিচার প্রশাসন প্রশিক্ষণ কোর্স : 'বিচার প্রশাসন প্রশিক্ষণ কোর্স' বলতে জেলা জজ/ সমপর্যায়ের বিচারকদের কোর্সসমূহকে বুঝাবে।
- ২.৫ ইন-সার্ভিস কোর্স : 'ইন-সার্ভিস কোর্স' বলতে আদালত সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের কোর্সসমূহকে বুঝাবে।
- ২.৬ বিশেষ কোর্স : 'বিশেষ কোর্স' বলতে সরকারি উকিল (জি.পি.) ও সরকারি কৌশলী (পি. পি.)দের কোর্সসমূহকে বুঝাবে।
- ২.৭ মামলা ব্যবস্থাপনা ও আদালত প্রশাসন কোর্স : 'মামলা ব্যবস্থাপনা ও আদালত প্রশাসন কোর্স' বলতে আদালতে কর্মরত সকল পর্যায়ের বিচারক ও বিচার সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আয়োজিত কোর্সকে বুঝাবে।



